রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ৪১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১২, ২০২৩

সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭২১—৭২৮ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৩২৭—১৩৪৬ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১৭৭—১১৯১ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

জনপ্রশাসন মন্ত্রণালয়
উদ্বৃত্ত কর্মচারী শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৪ আশ্বিন ১৪৩০/২০ সেপ্টেম্বর ২০২৩

নং ০৫.০০.০০০০.১৬৬.১৫.০০১.২২-১২৩—'সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, স্ব-শাসিত সংস্থা ও রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠানের উদ্বৃত্ত কর্মচারী আত্তীকরণ আইন, ২০২৩'-এর খসড়া যাচাই-বাছাই করার লক্ষ্যে নিম্নরূপভাবে উপ-কমিটি গঠন করা হলো :

(ক) কমিটির গঠন :

আহবায়ক

১। অতিরিক্ত সচিব (সওব্য), জনপ্রশাসন মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

২। অতিরিক্ত সচিব, প্রবিধি, বাস্তবায়ন ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান, অর্থ বিভাগ।

৩। অতিরিক্ত সচিব (বিধি), জনপ্রশাসন মন্ত্রণালয়

৪। অতিরিক্ত সচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

সদস্য-সচিব

৫। যুগ্মসচিব, উদ্বৃত্ত কর্মচারী অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।

(খ) কমিটির কার্যপরিধি :

১. 'সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, স্ব-শাসিত সংস্থা ও রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠানের উদ্বৃত্ত কর্মচারী আত্তীকরণ আইন, ২০২৩' আইনটি 'সরকারি চাকরি আইন, ২০১৮' এবং 'উদ্বৃত্ত সরকারি কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০২০'-এর সাথে সাংঘর্ষিক কি-না তা যাচাই-বাছাই করা;

২. সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, স্ব-শাসিত সংস্থা ও রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠানের কর্মচারী উদ্বৃত্ত ঘোষণার ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের সংশ্লিষ্টতা, উদ্বৃত্ত কর্মচারী আত্তীকরণ করার পর তাদের প্রশাসনিক ও আর্থিক দায়, আত্তীকরণ করা সম্ভব না হলে করণীয়, আত্তীকরণের জন্য প্রতিষ্ঠান নির্ধারণসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি পর্যালোচনা;

৩. উপ-কমিটি ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

২। কমিটি প্রয়োজনে যে কোনো কর্মকর্তা/ব্যক্তিকে কমিটির সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানাতে পারবে।

৩। কমিটি প্রয়োজন অনুযায়ী একাধিকবার বৈঠকে মিলিত হবে।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মনিরুজ্জামান**
উপসচিব।

---

**ডনি-২ শাখা**

**আদেশ**

তারিখ : ৩০ শ্রাবণ ১৪৩০/১৪ আগস্ট ২০২৩

নং **০৫.০০.০০০০.১৩১.০০.০২৩.০৯-৫৭৬**—আদিষ্ট হয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে অস্থায়ীভাবে সৃষ্ট উপসচিবের নিম্নবর্ণিত ৪৩০টি সুপারনিউমারারী পদ পূর্বের ধারাবাহিকতায় এবং শর্তে ০১-০৬-২০২৩ থেকে ৩১-০৫-২০২৪ তারিখ পর্যন্ত অস্থায়ীভাবে সংরক্ষণে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রমিক | মন্ত্রণালয়/বিভাগ | সুপারনিউমারারী পদ সংখ্যা |
|---|---|---|
| ১. | মন্ত্রিপরিষদ বিভাগ | ০৯ |
| ২. | জনপ্রশাসন মন্ত্রণালয় | ৩৭ |
| ৩. | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ১৭ |
| ৪. | অর্থ বিভাগ | ৫০ |
| ৫. | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ২৩ |
| ৬. | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ০২ |
| ৭. | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ২৮ |
| ৮. | পরিকল্পনা বিভাগ | ০৯ |
| ৯. | ভূমি মন্ত্রণালয় | ০৯ |
| ১০. | শিক্ষা মন্ত্রণালয় | ২০ |
| ১১. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ০৯ |
| ১২. | স্থানীয় সরকার বিভাগ | ০৯ |
| ১৩. | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ০২ |
| ১৪. | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | ১৬ |
| ১৫. | কৃষি মন্ত্রণালয় | ১৩ |
| ১৬. | খাদ্য মন্ত্রণালয় | ১০ |
| ১৭. | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ০৮ |
| ১৮. | বিদ্যুৎ বিভাগ | ০৩ |
| ১৯. | জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | ০৫ |
| ২০. | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ০৭ |
| ২১. | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ০৭ |
| ২২. | সেতু বিভাগ | ০১ |
| ২৩. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ১৩ |
| ২৪. | বাণিজ্য মন্ত্রণালয় | ১৫ |
| ২৫. | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ০৭ |
| ২৬. | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ০৭ |
| ২৭. | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | ০৬ |
| ২৮. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ০৬ |
| ২৯. | শিল্প মন্ত্রণালয় | ২৩ |
| ৩০. | পানি সম্পদ মন্ত্রণালয় | ০৪ |
| ৩১. | নৌপরিবহন মন্ত্রণালয় | ০৪ |
| ৩২. | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ০৫ |
| ৩৩. | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ০৯ |
| ৩৪. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ০২ |
| ৩৫. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০৪ |
| ৩৬. | সমাজকল্যাণ মন্ত্রণালয় | ০৪ |
| ৩৭. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ০৯ |
| ৩৮. | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ০৪ |
| ৩৯. | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০২ |
| ৪০. | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০৪ |
| ৪১. | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | ০৩ |
| ৪২. | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ০৫ |
| | মোট | ৪৩০ |

২। উল্লিখিত পদসমূহের ব্যয় স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের সংশ্লিষ্ট হিসাব খাত হতে বহন করা হবে।

৩। এতে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ ও মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতি রয়েছে।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**মেহেদী হাসান**
উপসচিব।

---

**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ ভাদ্র ১৪৩০/২৩ আগস্ট ২০২৩

নং **০৫.০০.০০০০.১৮০.২৭.০০৭.২২-৪৪**—যেহেতু, জনাব মুহাম্মদ মিজানুর রহমান সরকার (পরিচিতি নম্বর-১৫৪৩৫), পরিচালক (উপসচিব), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) অননুমোদিতভাবে কর্মে অনুপস্থিত থাকা, তাঁর উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন না করা এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আইনগত আদেশ অমান্য করার অভিযোগে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে রুজুকৃত ১৮/২০২২ নম্বর বিভাগীয় মামলায় ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখের ৮৩ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে তাঁকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মুহাম্মদ মিজানুর রহমান সরকার ০২ অক্টোবর ২০২২ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ২৬ অক্টোবর ২০২২ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয় এবং শুনানিতে প্রদত্ত তাঁর মৌখিক বক্তব্য ও লিখিত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ১৮ জুন ২০২৩ তারিখে জনাব মুহাম্মদ মিজানুর রহমান সরকার-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে কিন্তু বিধি ৩(গ) অনুযায়ী আনীত 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি অনুসারে তাঁকে '০১(এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা' নামীয় লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

৫। সেহেতু, জনাব মুহাম্মদ মিজানুর রহমান সরকার (পরিচিতি নম্বর-১৫৪৩৫), পরিচালক (উপসচিব), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি মোতাবেক তাঁকে '০১(এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা' নামীয় লঘুদণ্ড প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

৬। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**উর্ধ্বতন নিয়োগ-২ শাখা**

**শোক বার্তা**

তারিখ : ১৪ ভাদ্র ১৪৩০/২৯ আগস্ট ২০২৩

নং ০৫.০০.০০০০.১৩১.০০.১৫২.২৩-৬২৫—বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তরের পরিচালক (উপসচিব) জনাব মোঃ মনিরুজ্জামান খাঁন (৫৭১৫) গত ২৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ সোমবার সকাল ১০:১৫ মিনিটে হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

২। জনাব মোঃ মনিরুজ্জামান খাঁন ১৩ অক্টোবর ১৯৬৫ তারিখে লালমনিরহাট জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ১৯৯৩ সালে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন এবং ২৩ এপ্রিল ২০১৭ তারিখে সরকারের উপসচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন এবং সর্বশেষ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তরের পরিচালক (উপসচিব) হিসাবে কর্মরত ছিলেন।

৩। জনাব মোঃ মনিরুজ্জামান খাঁন তাঁর দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক কন্যা ও এক পুত্রসহ আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব মোঃ মনিরুজ্জামান খাঁন এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর আত্মার শান্তি কামনা করছে এবং মৃতের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ ভাদ্র ১৪৩০/১১ সেপ্টেম্বর ২০২৩

নং ০৫.০০.০০০০.১৮০.২৭.০১০.২২-৫০—যেহেতু, ড. নির্মল কুমার হালদার (পরিচিতি নম্বর-২০৪২১), উপসচিব হিসাবে কৃষি মন্ত্রণালয়ে কর্মরত অবস্থায় তাঁর অনুকূলে কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ১০ জানুয়ারি ২০২২ তারিখের ১২.০০.০০০০.০১২.৩১. ১৩৮.২০.৩১ নম্বর নোটিফিকেশনের মাধ্যমে অস্ট্রেলিয়ার সিডনি বিশ্ববিদ্যালয় হতে পিএইচডি সার্টিফিকেট সংগ্রহ, গবেষণা পত্র প্রকাশনা ইত্যাদি কাজের জন্য ১৭ ফেব্রুয়ারি ২০২২ হতে ১৭ এপ্রিল ২০২২ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ০২ (দুই) মাস বহি:বাংলাদেশ ছুটি (সপরিবারে) মঞ্জুর করা হয়; তিনি ২৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখে অস্ট্রেলিয়া গমনের পর ২৫ এপ্রিল ২০২২ তারিখে তাঁর ছুটি শেষ হওয়া সত্বে তিনি অদ্যাবধি দেশে ফেরত আসেননি; অস্ট্রেলিয়ায় অবস্থানরত থেকে গত ২১ এপ্রিল ২০২২ তারিখে তাঁর অনুকূলে ২৬ এপ্রিল ২০২২ হতে ২৬ আগস্ট ২০২২ পর্যন্ত ০৪ (চার) মাস ছুটি বর্ধিতকরণের জন্য তিনি আবেদন প্রেরণ করেন; যুক্তিসংগত কারণ না থাকায় কৃষি মন্ত্রণালয়ের ১৮ মে ২০২২ তারিখের ১২.০০.০০০০.০১২.৩১.১৩৮.২০.৪০৮(১) নম্বর অফিস আদেশের মাধ্যমে উক্ত ছুটির আবেদন না-মঞ্জুর করা হয় এবং একই সাথে তাঁকে দেশে ফেরত আসার জন্যও অনুরোধ করা হয়; কিন্তু তিনি উক্ত আদেশ লঙ্ঘন করে বিদেশে অবস্থান করায় এবং ২৬ এপ্রিল ২০২২ তারিখ হতে ২৬ নভেম্বর ২০২২ তারিখ পর্যন্ত ০৭ (সাত) মাসের অধিককাল ক্রমাগত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে রুজুকৃত ২৮/২০২২ নম্বর বিভাগীয় মামলায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৩ ডিসেম্বর ২০২২ তারিখের ১০১ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে তাঁকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ড. নির্মল কুমার হালদার ই-মেইলের মাধ্যমে জবাব দাখিল করেন; তিনি নির্ধারিত সময়ের মধ্যে জবাব দাখিল করলেও ব্যক্তিগত শুনানির জন্য আগ্রহ প্রকাশ করেননি; জবাবে তিনি ব্যক্তিগত ও পারিবারিক কারণে তাঁর পক্ষে আর চাকরি করা সম্ভব নয় বিধায় তিনি সরকারি চাকরি হতে ইস্তফা প্রদানের আগ্রহ প্রকাশ করলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক অভিযোগটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; তদন্তকারী কর্মকর্তা ২২ মার্চ ২০২৩ তারিখের ১১ নম্বর স্মারকে ড. নির্মল কুমার হালদার-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৮) বিধি মোতাবেক অভিযুক্ত কর্মকর্তাকে গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬ মে ২০২৩ তারিখের ১৮ নম্বর স্মারকে তাঁকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

৩। যেহেতু ড. নির্মল কুমার হালদার ২৪ মে ২০২৩ তারিখে লিখিতভাবে দ্বিতীয় কারণ দর্শানোর জবাব দাখিল করেন; দাখিলকৃত জবাব ও তদন্ত প্রতিবেদনসহ সার্বিক বিষয় পর্যালোচনা করে তাঁকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী গুরুদণ্ড হিসাবে 'চাকরি হতে বরখাস্ত' করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রস্তাবিত গুরুদণ্ড প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হলে কমিশন ড. নির্মল কুমার হালদার-কে প্রস্তাবিত গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে সহমত পোষণ করে; এবং

৪। যেহেতু, ড. নির্মল কুমার হালদার-এর বিরুদ্ধে রুজুকৃত এ বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন প্রস্তাবিত দণ্ডের সাথে সহমত পোষণ করায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী তাঁকে 'চাকরি হতে বরখাস্ত' নামীয় গুরুদণ্ড প্রদানের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

৫। সেহেতু, ড. নির্মল কুমার হালদার (পরিচিতি নম্বর-২০৪২১), উপসচিব, কৃষি মন্ত্রণালয়-এর বিরুদ্ধে রুজুকৃত এ বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন প্রস্তাবিত দণ্ডের সাথে সহমত পোষণ করায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধিমতে গুরুদণ্ড হিসাবে তাঁকে পলায়নের তারিখ অর্থাৎ ২৬ এপ্রিল ২০২২ তারিখ থেকে 'চাকরি হতে বরখাস্ত' নামীয় গুরুদণ্ড প্রদান করা হলো।

৬। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**[একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত হবে]**
**উদ্বৃত্ত কর্মচারী শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ ভাদ্র ১৪৩০/২৯ আগস্ট ২০২৩

নং ০৫.০০.০০০০.২১২.১৪.০১৩.২২-১১০—জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী অধিশাখার কাজ সহজীকরণের লক্ষ্যে 'Clearance and Absorption Software (CAS)' প্রস্তুতির জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/প্রশাসনিক বিভাগ/ জেলা থেকে প্রাপ্ত জনবল সংক্রান্ত তথ্য যাচাই-বাছাইয়ের জন্য নির্দেশক্রমে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো :

(ক) **কমিটি গঠন :**

**আহ্বায়ক**

১. অতিরিক্ত সচিব (সওব্য), জনপ্রশাসন মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৩. যুগ্মসচিব, (মপ্র/ন.নি. অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়
৪. যুগ্মসচিব, (উদ্বৃত্ত কর্মচারী অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়
৫. যুগ্মসচিব, (সওব্য-১/২/৩ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়
৬. প্রতিনিধি, রাষ্ট্রপতির কার্যালয় (যুগ্মসচিব পদমর্যাদার কর্মকর্তা)
৭. প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ (যুগ্মসচিব পদমর্যাদার কর্মকর্তা)
৮. প্রতিনিধি, অর্থ বিভাগ (যুগ্মসচিব পদমর্যাদার কর্মকর্তা)
৯. গবেষণা কর্মকর্তা, উদ্বৃত্ত কর্মচারী গবেষণা কোষ, জনপ্রশাসন মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

১০. উপসচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

(খ) **কমিটির কার্যপরিধি :**

'Clearance and Absorption Software (CAS)'-এ তথ্য আপলোড-এর জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/প্রশাসনিক বিভাগ/ জেলা থেকে প্রাপ্ত জনবল সংক্রান্ত তথ্য এনাম কমিটি কর্তৃক প্রণীত জনবল কাঠামো এবং পরবর্তীতে সৃজিত পদের সাথে মিল আছে কি-না এবং উক্ত বিষয়ে উদ্ভূত অন্যান্য বিষয় যাচাই-বাছাইঅন্তে সুপারিশ প্রদান।

(গ) কমিটি প্রয়োজনে যে কোনো কর্মকর্তা/ব্যক্তিকে কমিটির সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানাতে পারবে।

(ঘ) কমিটি প্রয়োজন অনুযায়ী একাধিকবার বৈঠকে মিলিত হবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মনিরুজ্জামান**
উপসচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**পরিকল্পনা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ ভাদ্র ১৪৩০/১২ সেপ্টেম্বর ২০২৩

নং **৫৩.০০.০০০০.৪৩১.১৪.০২৮.২৩.৪৪২**—পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সংঘবিধির অনুচ্ছেদ-৬ (ই) এবং অনুচ্ছেদ-৫২ তে প্রদত্ত ক্ষমতাবলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক এবং বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের সাবেক চেয়ারম্যান ড.এম খায়রুল হোসেন-কে পরবর্তী ৩ (তিন) বছরের জন্য পিকেএসএফ-এর চেয়ারম্যান পদে নিয়োগ প্রদান করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মুহাম্মদ আমিন শরীফ**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রকল্প ব্যবস্থাপনা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ ভাদ্র ১৪৩০/০৮ সেপ্টেম্বর ২০২৩

নং **৫৩.০০.০০০০.৪৩২.১৪.০০১.১৯.১৫৩**—সৌদি-বাংলাদেশ ইন্ডাষ্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড (সাবিনকো)-এর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশনের ৪৩, ৪৪, ৪৫ ও ৪৭ নং অনুচ্ছেদের বিধান অনুযায়ী ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার, সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত উক্ত কোম্পানির পরিচালনা পর্ষদে পরিচালক ও ডেপুটি চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সীমা দত্ত**
সহকারী সচিব।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৬

### আদেশাবলি

তারিখ : ২৭ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ/১১ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.

নং **আর-৬/৭এন-৬৭/২০২২-৩৭৫**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে পিরোজপুর জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোঃ মিজানুর রহমান, পিতা-আলহাজ্ব মোস্তাজ উদ্দিন, মাতা-কোহিনুর বেগম- কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ২৩ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ/০৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.

নং **আর-৬/৭এন-৭১/২০২৩-৩৭৪**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, পিতা-মোহাম্মদ হোসেন, মাতা- নুর নাহার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

## নৌপরিবহন মন্ত্রণালয়
## প্রশাসন-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৫ ভাদ্র, ১৪৩০/৩০ আগস্ট, ২০২৩

নং **১৮.০১৬.০২৭.০০.০০.০০২.২০১১(অংশ-২)-৪১৫**—যেহেতু, জনাব মোহাম্মদ হাবিবুর রহমান, পরিদর্শক, নৌপরিবহন অধিদপ্তরের কর্মস্থল অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয়, সদরঘাট, ঢাকায় কর্মরত থাকাকালীন এমভি অভিযান-১০ লঞ্চটি সদরঘাট, ঢাকা হতে যাত্রা করে বিগত ২৪-১২-২০২১ তারিখে ঝালকাঠি জেলার সুগন্ধা নদীতে অগ্নি দুর্ঘটনায় কবলিত হয়ে নিহত ও হতাহতের ঘটনা ঘটে। উক্ত লঞ্চ দুর্ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনে উল্লেখ আছে যে, নৌপরিবহন অধিদপ্তরের পরিদর্শক জনাব মোহাম্মদ হাবিবুর রহমান ১৯-১২-২০২১ তারিখে এই লঞ্চটি পরিদর্শন করেননি। ২৩-১২-২০২১ তারিখেও লঞ্চটি পরিদর্শন করেননি। ২৩-১২-২০২১ তারিখে তিনি অন্য একটি তদন্ত কাজে ব্যস্ত ছিলেন বললেও এর স্বপক্ষে কোন প্রমাণ দেখাতে পারেননি। তিন মাস পরে লঞ্চটির ইঞ্জিন পরিবর্তন করে চালানো হয়েছিল, কিন্তু তিনি তা দেখেননি। সদরঘাট, ঢাকায় তার কর্মস্থল হওয়া সত্ত্বেও নৌপরিবহন অধিদপ্তরের পরিদশক, মোহাম্মদ হাবিবুর রহমান লঞ্চটি দীর্ঘ দিন বন্ধ থাকার পর পুনরায় চালু হওয়ার সময় পরিদর্শন বা কোন অনুসন্ধান না করে দায়িত্ব ও কর্তব্য পালনে চরম অবহেলার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় নৌপরিবহন মন্ত্রণালয়ের ০১-০৩-২০২৩ তারিখের ৮৩ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগবিবরণী জারির মাধ্যমে তাঁকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ হাবিবুর রহমান ১২-০৩-২০২৩ তারিখ লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করলে ১৮-০৪-২০২৩ তারিখ ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয় এবং শুনানীতে তাঁর মৌখিক বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ২৩-০৭-২০২৩ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোহাম্মদ হাবিবুর রহমান এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আনীত যথাক্রমে 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করা হয়; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও নথি পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আনীত যথাক্রমে 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তিনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৮) বিধি অনুযায়ী উক্ত বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি পাওয়ার যোগ্য; এবং

সেহেতু, জনাব মোহাম্মদ হাবিবুর রহমান, পরিদর্শক, নৌপরিবহন অধিদপ্তরের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৮) বিধি অনুযায়ী উক্ত বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**দেলোয়ারা বেগম**
অতিরিক্ত সচিব।

---

## বেসরকারি বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
## পর্যটন-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩০/১০ সেপ্টেম্বর ২০২৩

নং **৩০.০০.০০০০.০১৫.১১.০০১.২০.২৬৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত হোটেলস্ ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল) এর পরিচালনা পর্ষদের পরিচালক, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রাক্তন সিনিয়র সচিব জনাব ফাতিমা ইয়াসমিন-এর স্থলে বর্তমান সচিব ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার এবং বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)-

এর সাবেক সভাপতি জনাব মোঃ জসিম উদ্দিন-এর স্থলে বর্তমান সভাপতি জনাব মাহবুবুল আলম-কে হিলের পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে মনোনয়ন প্রদান করা হইল।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মঈন উদ্দিন**
উপসচিব।

---

## সিএ-২ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০বঃ/১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ

নং ৩০.০০.০০০০.০১৪.২৪.০০১.২০২০.৩২৩—জনস্বার্থে Biman Bangladesh Airlines Ltd. এর Boeing 777-300ER এবং Boeing 787-8/9 উড়োজাহাজের Manchester এবং London, UK বিমানবন্দরে Line Maintenance করার নিমিত্ত British Airways PLC (BA) এর অনুকূলে ১৩ই সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ হতে ২৭ অক্টোবর ২০২৩ খ্রিঃ পর্যন্ত ৪৫ (পয়তাল্লিশ) দিনের জন্য বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ধারা ৪৪(১) এর বিধান অনুযায়ী CAR 1984, Rule-190(5) এর অব্যাহতি (Exemption) প্রদান করা হলো।

নং ৩০.০০.০০০০.০১৪.১৯.০০১.২০২০.৩২৪—গত ১১ জুলাই ২০২৩ তারিখে ৩০.০০.০০০০.০১৪.১৯.০০১.২০২০-১৯৮ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন আংশিকভাবে সংশোধনক্রমে বাংলাদেশে কার্যরত দেশি-বিদেশি সকল এয়ারলাইন্স কর্তৃক বাংলাদেশ হতে যাত্রী ও পণ্য পরিবহণের ভাড়া নির্ধারণের ক্ষেত্রে Head Line Currency হিসেবে দেশীয় মুদ্রা অর্থাৎ বাংলাদেশি টাকা কার্যকরকরণের তারিখ ১৬ জানুয়ারি ২০২৪ নির্ধারণ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রোকসিন্দা ফারহানা**
উপসচিব।

---

**[একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত]**

## তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

## প্রেস-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ০৯ ভাদ্র ১৪৩০/২৪ আগস্ট ২০২৩

নং ১৫.০০.০০০০.০২০.১১.০০১.২৩-৩১৯—'তথ্য অধিকার আইন, ২০০৯' এর ১৫(১) ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি জনাব মাসুদা ভাট্টি, সাংবাদিক এবং জনাব শহীদুল আলম ঝিনুক, অবসরপ্রাপ্ত মহা-পরিদর্শক, নিবন্ধন (সিনিয়র জেলা ও দায়রা জজ)-কে 'তথ্য কমিশনার' হিসেবে নিয়োগ প্রদান করেছেন।

২। তথ্য কমিশনারদ্বয়ের পদমর্যাদা, পারিশ্রমিক, ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদি সরকার কর্তৃক নির্ধারিত হবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. ভেনিসা রড্রিক্স**
উপসচিব।

## টিভি-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২৪ শ্রাবণ ১৪৩০/০৮ আগস্ট ২০২৩

নং ১৫.০০.০০০০.০২৪.০৬.০০৬.১১-৪৬৩—The Public Procurement Regulation-2008 এর বিধি এর ৮(১) তফসিল-২ এর অনুসরণে বাংলাদেশ টেলিভিশনের বিভাগীয় প্রধানের আর্থিক ক্ষমতা বহির্ভূত দরপত্রসমূহের বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সুপারিশ প্রদানের লক্ষ্যে নিম্নরূপভাবে বাংলাদেশ টেলিভিশনের দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করা হলো:

| ক্রমঃ | পদবি ও দপ্তর/সংস্থা | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | মহাপরিচালক, বিটিভি | সভাপতি |
| ২. | প্রধান প্রকৌশলী, বিটিভি | সদস্য |
| ৩. | বাংলাদেশ প্রকৌশলী বিশ্ববিদ্যালয় এর তড়িৎ ইলেক্ট্রনিক প্রকৌশলী বিভাগের অধ্যাপক | সদস্য (বহিঃ সদস্য) |
| ৪. | পরিচালক (অর্থ), বিটিভি | সদস্য |
| ৫. | বাংলাদেশ, টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড এর ন্যূনতম ৫ম গ্রেডের বেতন স্কেলভুক্ত প্রকৌশলী | সদস্য (বহিঃ সদস্য) |
| ৬. | উপসচিব (টিভি-২ শাখা), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | দরপত্র আহবানকারী, বিটিভি | সদস্য-সচিব |

২। একইসাথে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ১৮ ডিসেম্বর ২০১১ তারিখের ১৫.০০.০০০০.০২৪.০৬.০০৬.১১-৮১৭ এবং ১৮ ফেব্রুয়ারি ২০১৫ তারিখের ১৫.০০.০০০০.০২৪.০৬.০০৬.১১-১৪২ সংখ্যক প্রজ্ঞাপন ০২টি বাতিল করা হলো।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. ভেনিসা রড্রিক্স**
উপসচিব।

---

### প্রজ্ঞাপন

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩০/০৭ সেপ্টেম্বর ২০২৩

নং ১৫.০০.০০০০.০২৪.১৮.০০৬.১৭(অংশ-১)-৫১৮—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত অনলাইন আইপি টিভি নিবন্ধন, স্থাপন ও পরিচালনার জন্য নিম্নবর্ণিত হারে ফি নির্ধারণ করা হলো:

| ক্রমঃ | সেবার নিবরণ | ফি'র পরিমাণ (টাকায়) | সময়সীমা |
|---|---|---|---|
| ১ | নিবন্ধন ফি | ৫০,০০০/- | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুমোদনের আলোকে ০১ (এক) মাসের মধ্যে নিবন্ধন হলে। |
| ২ | নিবন্ধন নবায়ন ফি | ১৫,০০০/- | প্রতিবছর অন্তে |
| ৩ | নিবন্ধন ফি এর সাথে অতিরিক্ত বিলম্ব ফিসহ | ৫০,০০০+১৫,০০০/- = ৬৫,০০০/- | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুমোদনের আলোকে ৩ (তিন) মাসের মধ্যে নিবন্ধন করা হলে। |
| | | ৫০,০০০+৩০,০০০/- = ৮০,০০০/- | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুমোদনের আলোকে ৬ (ছয়) মাসের মধ্যে নিবন্ধন করা হলে। [বি: দ্র: ৬ (ছয়) মাসের মধ্যে নিবন্ধন করা না হলে নিবন্ধনের অনুমোদন বাতিল হবে] |

২। এতে, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৩ জুলাই ২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৪৪.০৪.০০৩.২০.১৪২ নম্বর স্মারকে সম্মতি রয়েছে।

৩। জাতীয় অনলাইন গণমাধ্যম নীতিমালা-২০১৭ (সংশোধিত-২০২০) অনুসারে সম্প্রচার কমিশন গঠন না হওয়া পর্যন্ত তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুমতিক্রমে তথ্য অধিদফতর আইপি টিভির নিবন্ধন কার্যক্রম (আবেদন গ্রহণ, নিবন্ধন ফি ও নবায়ন ফি আদায়) পরিচালনা করবে।

৪। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. ভেনিসা রড্রিক্স**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ০৪ আশ্বিন ১৪৩০/১৯ সেপ্টেম্বর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০২৩.৮৩(১)-৩২৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব সাইফুল্লাহ, জন্ম তারিখ : ০২-০১-১৯৯০ খ্রি., পিতা-আব্দুল মালেক, মাতা-জয়নব, গ্রাম-চরকালিবাজাইল, ওয়ার্ড নং-০৫, ডাকঘর-আলিমনগর, উপজেলা-ফুলবাড়ীয়া, জেলা-ময়মনসিংহ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলার ০৫ নং দেওখোলা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/ স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শৃঙ্খলা বিষয়ক শাখা**

**অফিস আদেশ**

তারিখ: ০৫ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ/১৯ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৩৭.০০.০০০০.০৯৫.০২৭.০২৪.১৭-১২৩—যেহেতু, জনাব মোস্তাফিজুর রহমান (২২৪৩৭), প্রভাষক (দর্শন) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা; প্রাক্তন সহকারী শিক্ষা পরিদর্শক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকায় কর্মরত অবস্থায় গত ৩০-০৫-২০১৭ তারিখ হতে তাকে ভূতাপেক্ষভাবে সাময়িক বরখাস্ত করা হয়;

যেহেতু, জনাব মোস্তাফিজুর রহমান-কে বিজ্ঞ বিভাগীয় বিশেষ জজ আদালত, ঢাকা কর্তৃক মামলা নং-০৩/২০১৮ (পল্টন মডেল থানার মামলা নং-৩৭ (৫) ২০১৭ হতে উদ্ভূত) উভয় পক্ষের শুনানিঅন্তে গত ০১-১২-২০১৯ তারিখ মামলা থেকে নির্দোষ সাব্যস্তক্রমে বেকসুর খালাস প্রদান করা হয়;

সেহেতু, জনাব মোস্তাফিজুর রহমান (২২৪৩৭), প্রভাষক (দর্শন) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে সরকারি চাকরি আইন-২০১৮ এর ৩৯(৩) ধারা অনুযায়ী ৩০-০৫-২০১৭ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক চাকরিতে পুনর্বহালসহ বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বের কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সোলেমান খান**
সচিব।

---

**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩০/ ০৩ সেপ্টেম্বর ২০২৩

নং **৩৭.০০.০০০০.০৭৮.০৮.০০৯.২০০৭(অংশ-১)-২৯১**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১ (১) অনুযায়ী ড. মোঃ শহীদুল্লাহ, অধ্যাপক (ইংরেজি বিভাগ), গ্রীন ইউনিভার্সিটি অব বাংলাদেশ, ঢাকা-কে গ্রীন ইউনিভার্সিটি অব বাংলাদেশ, ঢাকা-এর ভাইস চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ভাইস চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতন-ভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ ফরহাদ হোসেন**
উপসচিব।

---

**শৃঙ্খলা বিষয়ক শাখা**

**অফিস আদেশ**

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ/৩১ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৯৫.০২৭.১০.২০১৭.৪৫০**—যেহেতু, জনাব এস এম সাদিকুর রহমান, প্রভাষক (অর্থনীতি), সরকারি নুরুননাহার মহিলা কলেজ, ঝিনাইদহ এর বিরুদ্ধে শাহাবাগ থানায় দায়েরকৃত মামলা নং-৩১(১১)১২ যা পরবর্তীতে দায়েরা মামলা নং-৩৮০৪/১৩ ধারা সন্ত্রাস বিরোধী আইন-২০০৯ এর ৮/৯ ও বিজ্ঞ সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল মামলা নং-৯৩/২০১৮ ঢাকায় বিচারাধীন থাকায় এবং যশোর কোতয়ালী থানায় মামলা নং-১২৮/১৬ ধারা বাংলাদেশ দণ্ডবিধি ৪০৯/৪২০ দায়েরের প্রেক্ষিতে তাকে বিএসআর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরান্ডাম নং ED(Reg,VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী ২৫-০৮-২০১৬ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, জনাব এস এম সাদিকুর রহমান শাহাবাগ থানার মামলা নং-৩১(১১)১২ যা বিজ্ঞ সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ঢাকার মামলা নং-৯৩/২০১৮ হতে বিচার শেষে ১৮-০৯-২০২২ তারিখে বেকসুর খালাস প্রাপ্ত হন এবং যশোর কোতয়ালী থানার মামলা নং-১২৮/১৬ প্রেক্ষিতে বিজ্ঞ সিনিয়র স্পেশাল জজ আদালত যশোর কর্তৃক স্পেশাল কেস নং-০২/২০২৩ এর চার্জশীট হতে ২০-০২-২০২৩ তারিখে অব্যাহতি প্রাপ্ত হন;

যেহেতু, জনাব এস এম সাদিকুর রহমান, প্রভাষক (অর্থনীতি), সরকারি নুরুননাহার মহিলা কলেজ, ঝিনাইদহ এর সামরিক বরখাস্ত আদেশ সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(৩) ধারা অনুযায়ী প্রত্যাহার করে তাকে সরকারি চাকরিতে পুনর্বহাল করা হলো। বাংলাদেশ সার্ভিস রুলস, পার্ট-১ এর বিধি-৪২(বি) অনুসারে তার সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য করা হলো এবং তিনি বরখাস্তকালীন সময়ের পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সোলেমান খান**
সচিব।

---

**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩০/ ০৩ সেপ্টেম্বর ২০২৩

নং ৩৭.০০.০০০০.০৭৮.০৮.০০৬.২০১০-২৯২—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩ (১) অনুযায়ী ড. শেখ আনোয়ার হোসেন, প্রাক্তন অধ্যক্ষ, কারমাইকেল কলেজ, রংপুর-কে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক-এর ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতন-ভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ ফরহাদ হোসেন**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০/ ১৪ সেপ্টেম্বর ২০২৩

নং ৩৭.০০.০০০০.০৭৮.০৪.০০৩.২০০২(অংশ-১)-৩০২— বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন, ২০১৭ এর ধারা ৬(২) এবং ৯(১) অনুযায়ী জনাব ইসতিয়াক আহমদ, প্রাক্তন পূর্ণকালীন সদস্য (অবসরপ্রাপ্ত সচিব), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা-কে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য পদে দ্বিতীয় মেয়াদে নিম্নে বর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) এ নিয়োগের মেয়াদ হবে ০৪ (চার) বছর। তবে সরকার প্রয়োজন মনে করলে নির্ধারিত মেয়াদ শেষ হওয়ার পূর্বে দায়িত্ব হতে অব্যাহতি দিতে পারবেন;

(খ) বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য হিসেবে তিনি যে বেতন-ভাতা পেয়েছেন, দ্বিতীয় মেয়াদেও একইভাবে বেতন-ভাতা প্রাপ্য হবেন;

(গ) তিনি বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন, ২০১৭ দ্বারা নির্ধারিত দায়িত্ব পালন করবেন;

(ঘ) তিনি সরকারের একজন অবসরপ্রাপ্ত সচিব হওয়ায় সচিবের পদমর্যাদা ভোগ করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৩৭.০০.০০০.০৭৮.০৪.০০৩.২০০২(অংশ-১)-৩০৫— বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন, ২০১৭ এর ধারা ৬(২) এবং ৯(১) অনুযায়ী প্রফেসর ড. গুলশান আরা লতিফা প্রফেসর (অবসরপ্রাপ্ত), প্রাণিবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-কে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য পদে নিম্নে বর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) এ নিয়োগের মেয়াদ হবে ০৪ (চার) বছর। তবে সরকার প্রয়োজন মনে করলে নির্ধারিত মেয়াদ শেষ হওয়ার পূর্বে দায়িত্ব হতে অব্যাহতি দিতে পারবেন;

(খ) তিনি অবসর অব্যবহিত পূর্ব পদের সমপরিমাণ বেতন-ভাতাদি পাবেন এবং বিধি অনুযায়ী সংশ্লিষ্ট পদের অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন, ২০১৭ দ্বারা নির্ধারিত দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৩৭.০০.০০০০.০৭৮.০৪.০০৩.২০০২(অংশ-১)-৩০৩— বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন, ২০১৭ এর ধারা ৬(২) এবং ৯(১) অনুযায়ী প্রফেসর ড. মোঃ গোলাম শাহি আলম, প্রাক্তন পূর্ণকালীন সদস্য, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা-কে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য পদে দ্বিতীয় মেয়াদে নিম্নে বর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) এ নিয়োগের মেয়াদ হবে ০৪ (চার) বছর। তবে সরকার প্রয়োজন মনে করলে নির্ধারিত মেয়াদ শেষ হওয়ার পূর্বে দায়িত্ব হতে অব্যাহতি দিতে পারবেন;

(খ) বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য হিসেবে তিনি যে বেতন-ভাতা পেয়েছেন, দ্বিতীয় মেয়াদেও একইভাবে বেতন-ভাতা প্রাপ্য হবেন;

(গ) তিনি বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন, ২০১৭ দ্বারা নির্ধারিত দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. মোঃ ফরহাদ হোসেন**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ/১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৫৮.০০.০০০০.০৮৫.০৪.০৬০.১৯(অংশ-১)-১৬০—সাজাপ্রাপ্ত কয়েদি বেগম খালেদা জিয়ার মুক্তির বিষয়ে দাখিলকৃত আবেদন এবং আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইনগত মতামতের আলোকে The Code of Criminal Procedure, (Act No. V of 1898)-এর ধারা ৪০১(১) এ প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল আপিল নং-১৬৭৬/১৮ (বিশেষ আদালত নং-৫, ঢাকা এর বিশেষ মামলা নং-১৭/২০১৭ থেকে উদ্ভূত) এবং বিশেষ আদালত নং-৫, ঢাকা এর বিশেষ মামলা নং-১৮/২০১৭-এ প্রদত্ত বেগম খালেদা জিয়া'র দণ্ডাদেশ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ২৫-০৯-২০২৩ খ্রি. তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য নির্দেশক্রমে স্থগিত করা হলো :

(ক) তিনি ঢাকাস্থ নিজ বাসায় থেকে তার চিকিৎসা গ্রহণ করবেন; এবং

(খ) উক্ত সময়ে তিনি দেশের বাইরে গমন করতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
উপসচিব।